প্রেস রিলিজ

তারিখ: ১৮ নভেম্বর ২০২৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের 'ক্লাস পার্টি-২০২৬' অনুষ্ঠিত

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের উদ্যোগে আনন্দঘন পরিবেশে 'ক্লাস পার্টি-২০২৬' অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি আজ বুধবার (১৮ নভেম্বর ২০২৬) দুপুর ১২টায় বাউবি'র মক ভিলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পক্ষে উপস্থিত ছিলেন অনুষ্ঠানের বিশেষ অতিথি প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান। তিনি তাঁর বক্তব্যে বলেন, "শিক্ষার্থীদের সাফল্যের পেছনে অভিভাবকদের বিশেষ করে মায়েদের অবদান অনস্বীকার্য। সন্তানদের পড়াশোনা ও পরীক্ষার প্রস্তুতিতে অভিভাবকদের নিরলস প্রচেষ্টার স্বীকৃতি দেওয়া উচিত। বাউবি ল্যাবরেটরি স্কুলের প্রাকৃতিক পরিবেশ, খেলার মাঠ ও শিক্ষার্থীদের সুযোগ-সুবিধার প্রশংসা করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও স্কুল পরিচালনা পর্ষদ শিক্ষার মানোন্নয়ন, দক্ষ শিক্ষক নিয়োগ ও শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে স্কুলটিকে একটি মানসম্পন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পরিণত করতে আন্তরিকভাবে কাজ করছে। শিক্ষার্থীদের পাঠ্যশিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ড, খেলাধুলা ও মানবিক মূল্যবোধ বিকাশের সুযোগ কাজে লাগানোর আহ্বান জানিয়ে তিনি অভিভাবকদের সন্তানদের প্রতি যত্নশীল হওয়ার পরামর্শ দেন। তিনি শিক্ষার্থীদের মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সচেতনতা, নিয়মিত পড়াশোনা এবং বাবা-মায়ের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার আহ্বান জানান। প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে বাবা-মাকে সন্তানের প্রথম ও শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করার ওপরও তিনি গুরুত্বারোপ করেন"।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি এম আহমেদ হুসেইন। স্কুল পরিচালনা পর্ষদ এর সভাপতি বাউবি কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মো: সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক মো: আবদুল কাইয়ুম খান।

বক্তারা শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি সহশিক্ষামূলক কার্যক্রম ও আনন্দমুখর পরিবেশের গুরুত্ব তুলে ধরেন। বর্ণিল এই আয়োজনে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের বৃত্তিপ্রাপ্ত ৪ জন শিক্ষার্থীকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd